

স্মারক নং: স্থাসবি/ জমনিপ্র/ প্রপকা/ আইন ও বিধিমালা-৩০/২০১৪-১৪২

তারিখ: ২৫-১২-১৪২০  
০৮-০৪-২০১৪

বিষয়: বিদেশে জন্মগ্রহণকারী সন্তানদের দেশের স্থায়ী ঠিকানায় জন্ম নিবন্ধন প্রসঙ্গে।

গত ০৬-০৪-২০১৪ কক্সবাজার জেলায় বাল্য বিবাহরোধে ম্যারিজ রেজিস্টারদের ভূমিকা শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভায় একটি প্রকট সমস্যা উত্থাপিত হয়।

দেশের অনেক নাগরিক বংশানুক্রমে পৃথিবীর বিভিন্ন দেশে বসবাস করছেন। তাঁদের সন্তানাদি ঐ সব দেশে জন্ম গ্রহণ করেছেন। জন্মের পর থেকে বিদেশে অবস্থান করায় এই সকল সন্তানগণ সংশ্লিষ্ট দেশের ভাষা ও নিজ জেলার আঞ্চলিক ভাষা ছাড়া আর কোন ভাষা জ্ঞান রাখেন না। এমনকি নিজ জেলার স্থানীয় সংস্কৃতি, ভৌগোলিক বিবরণ বা ইতিহাস সম্পর্কেও তাঁদের কোন ধারণা নেই। তাঁদের অনেকের পাসপোর্ট নেই বা যাদের পাসপোর্ট আছে তাও অনেক ক্ষেত্রে সঠিক নয় বলে জানা যায়।

মেশিন রিডেবল পাসপোর্টের জন্য প্রবাসে জন্মগ্রহণকারী এই সব নাগরিক দূতাবাসে জন্ম নিবন্ধন করতে গেলে ভাষাগত বা পাসপোর্ট জটিলতার কারণে জন্ম নিবন্ধন করতে পারেন না। অনলাইনে বা আত্মীয় স্বজনের মাধ্যমে দেশের স্থায়ী ঠিকানায় জন্ম নিবন্ধন করতে গেলেও জটিলতার সম্মুখীন হন। ফলে তাঁরা প্রবাসে বা দেশে কোথাও জন্ম নিবন্ধন করতে না পেরে দারুণ অনিশ্চয়তার ভিতর পড়ছেন।

বিদেশে বংশানুক্রমে বসবাসকারী বাংলাদেশী নাগরিকদের বিদেশে জন্মগ্রহণকারী সন্তানদের উপরে বর্ণিত জটিলতায় দূতাবাসে যাদের জন্ম নিবন্ধন সম্ভব হয় না তাঁদের জন্ম নিবন্ধন করার জন্য নিম্নোক্ত শর্তসমূহের ৪নং শর্তসহ যেকোন তিনটি শর্ত পূরণসাপেক্ষে দেশস্থ স্থায়ী ঠিকানার জন্ম নিবন্ধক জন্ম নিবন্ধন করতে পারবেন-


- ১। নিবন্ধিত ব্যক্তির বংশলতিকা দেশে অবস্থিত আত্মীয় স্বজনগণ (যারা একই জমিজমার অংশীদার) প্রত্যয়ন করবেন।
- ২। নিবন্ধিত ব্যক্তির পিতা/মাতা বা ঊর্ধ্বতন পুরুষের নামে দেশে স্থায়ী সম্পত্তির বা বাস্তবিতার জমা-খারিজ ও খাজনা পরিশোধের রসিদ থাকতে হবে।
- ৩। নিবন্ধিত ব্যক্তির পিতা বা মাতার নামে বাংলাদেশের বৈধ পাসপোর্ট অথবা পূর্ববর্তী যেকোন সময়ে প্রণীত ভোটার তালিকায় নাম থাকতে হবে।
- ৪। বিদেশে জন্ম স্থান সম্পর্কে হাসপাতালের প্রমাণপত্র, পাসপোর্ট বা অন্য কোন সরকারি দলিল যা আইন এর চোখে গ্রহণযোগ্য তা দাখিল করতে হবে।

**কার্যার্থে:**

জেলা প্রশাসক, (সকল)  
(জেলার সকল পৌরসভা ও ইউনিয়ন পরিষদকে অবহিত করার অনুরোধসহ)।

**জ্ঞাতার্থে :**

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয় (সকল ক্যান্টনমেন্ট বোর্ডকে অবহিত করার অনুরোধসহ)
- ৪। বিভাগীয় কমিশনার (সকল)।
- ৫। প্রধান নির্বাহী কর্মকর্তা (সকল সিটি কর্পোরেশন)।

  
(আ.ক.ম.সাইফুল ইসলাম চৌধুরী)  
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)।

☎ ৯৫৫৬৬০৬

☎ ৯৫৫২৩৮১

☎ ০১৭১৬ ২০৬৫৫৭